



364332 - কভিবে অংশীদার ব্যবসায়িক পণ্যে তার অংশের যাকাত আদায় করবেন; যদি তার সম্পদে বর্ষপূর্তি হয় এবং পণ্য ট্রান্সফার ও কর্মচারীদের বতেন কি এর থেকে বাদ দিবেন?

প্রশ্ন

আমরা একটা পণ্যের ব্যবসাতে অংশীদার। আমাদের একজন অংশীদারের যাকাত পরিশোধ করার সময় হয়েছে। উদারণতঃ যে পণ্যটি আমরা খরিদ করছি এতে আমাদের প্রত্যেকে অংশ মোট অংকরে এক চতুর্থাংশ। এখন যে ব্যক্তি যাকাত পরিশোধ করতে চায় সে কভিবে তার অংশের পণ্যের যাকাত হিসাব করবে? উল্লেখ্য প্রত্যেকে অংশীদার তার লাভ গ্রহণ করে। যদি পণ্যটির দাম হয় ৩০ পাউন্ড, আমরা সটোকে ৩৪ পাউন্ডে বিক্রি করি। এখন মূল্য নির্ধারণ করার সময় সে কি এটাকে ৩১ পাউন্ডে ধরবে; নাকি ৩৪ পাউন্ডে ধরবে? ট্রান্সপোর্ট ও গুদামের খরচের মত ইত্যাদি বিক্রির ক্ষেত্রে যে খরচাদি আছে সেগুলো কভিবে হিসাব করবে? যদি আমি কনি ৩০ পাউন্ডে এবং বিক্রি করি ৩৪ পাউন্ড তাহলে ৪ পাউন্ড আমাদের নটে লাভ নয়। কারণ পণ্যগুলো ট্রান্সফারের খরচ বহন করি, কর্মচারীদের খরচ ও অন্যান্য খরচ রয়েছে। তাই বিক্রি মূল্য নির্ধারণ করার পরে আমি কি এই খরচগুলো বাদ দবি?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

ব্যবসায়িক পণ্যের যাকাতের ক্ষেত্রে ওয়াজবি হলো এক বছর পূর্ণ হলে যে দামে বিক্রি করা হয় সেই দামে পণ্যগুলোর মূল্য নির্ধারণ করা। যদি পণ্যসামগ্রীর মালিকানা অংশদারত্বের হয় এবং তাদের একজনকে যাকাত বর্ষ পূর্ণ হয় তাহলে সকল পণ্যের মূল্য নির্ধারণ করতে হবে এবং এর মধ্যে তার অংশ কতটুকু সটো দেখতে হবে; উদাহরণস্বরূপ কারো ভাগ এক চতুর্থাংশ বা অর্ধেক। যদি তার অংশের মূল্য এককভাবে নসিব পরমাণে পৌঁছে কিংবা অন্য ব্যবসায়িক সম্পদ, নগদ অর্থ, স্বর্ণ বা রৌপ্য যোগ করার পর নসিব পরমাণে পৌঁছে তাহলে সে যাকাত পরিশোধ করবে।

ব্যবসায়িক পণ্যের যাকাত দায়ের ক্ষেত্রে বিক্রির সময়ের ট্রান্সফোর্ট খরচ, শ্রমিকদের বতেন, দোকানের ভাড়া ও বন্দিয়তের খরচ ইত্যাদির দিকে ভ্রুক্ষেপে করা হবে না। বরঞ্চ অগ্রগণ্য মতানুযায়ী যাকাতদাতার উপর যে ঋণ আছে সটোও বাদ দয়া হবে না; এমনকি যদি পণ্যগুলো বাকীতে খরিদ করা হয় তবুও।

বরঞ্চ দেখা হবে শুধু পণ্যগুলোর বাজারমূল্যের দিকে। অধিকাংশ ক্ষেত্রে বাজারমূল্য আর সেই দামে বিক্রি করা হয় উভয়টি সমান হয়।



এটিও অজানা নয় যে, সেই ব্যক্তি কেবেল সেই পণ্যগুলোর যাকাত পরিশোধ করবনে বর্ষ পূর্ণ হওয়ার সময় যাই পণ্যগুলো তার কাছে রয়েছে। যদিও হতে পারে সেই ব্যক্তি পণ্যের মূল্য দিয়ে অন্য পণ্য খরিদি করনে এবং এক বছরকালে এটি চক্রাকারে বহুবার ঘুরতে থাকে। কনিত্তু সেই ব্যক্তি শুধু একবার যাকাত পরিশোধ করবনে এবং তিনি বর্ষপূর্তরি সময় তার কাছে যে পণ্যগুলো আছে সেগুলোর যাকাতই পরিশোধ করবনে। আর লাভ ও ঘূর্ণয়মান অর্থ খরচাদরি দকিটকি কভার করবে।

পূর্ববোক্ত আলোচনার প্রক্ষেতিে যদি বর্ষ পূর্ণ হওয়ার সময় পণ্যের মূল্য হয় ৩৪ পাউন্ড এবং যাকাতদাতা পণ্যের এক চতুর্থাংশে মালকি হন তাহলে তার অংশ হচ্ছে ৮.৫। যদি তার অংশের মূল্য এককভাবে কথিবা যাকাতদাতার মালকিনাধীন অন্য অর্থের সাথে মলিলনে নসিব পরমাণে পৌঁছে তাহলে তিনি চল্লিশি ভাগের একভাগ যাকাত পরিশোধ করবনে।

আল্লাহই সর্বজ্ঞ।